

উচ্চতর গণিত ১ম পত্র

অধ্যায়-০১ : ম্যাট্রিক্স ও নির্ণায়ক

01.  $[1 \ 3] \begin{bmatrix} y \\ x \end{bmatrix} = [12 \ 4]$  হলে  $(x, y)$  এর মান কত? [Ans: d][BAU'18-19]  
 (a)  $(-3, -1)$  (b)  $(-3, 1)$  (c)  $(1, 1)$  (d)  $(1, -3)$

02.  $A = \begin{pmatrix} -1 & 0 \\ 0 & 2 \end{pmatrix}$  হলে  $A^3 - A^2$  এর মান নিচের কোনটি? [CVASU'18-19]  
 (a)  $2I$  (b)  $I$  (c)  $2A$  (d)  $A$

সমাধান: (c);  $A = \begin{pmatrix} -1 & 0 \\ 0 & 2 \end{pmatrix}$ ;  $A^2 = A \cdot A = \begin{pmatrix} -1 & 0 \\ 0 & 2 \end{pmatrix} \begin{pmatrix} -1 & 0 \\ 0 & 2 \end{pmatrix} = \begin{pmatrix} 1 & 0 \\ 0 & 4 \end{pmatrix}$

$A^3 = A^2 \cdot A = \begin{pmatrix} 1 & 0 \\ 0 & 4 \end{pmatrix} \begin{pmatrix} -1 & 0 \\ 0 & 2 \end{pmatrix} = \begin{pmatrix} -1 & 0 \\ 0 & 8 \end{pmatrix}$ ;  $A^3 - A^2 = \begin{pmatrix} -1 & 0 \\ 0 & 8 \end{pmatrix} - \begin{pmatrix} 1 & 0 \\ 0 & 4 \end{pmatrix} = \begin{pmatrix} -2 & 0 \\ 0 & 4 \end{pmatrix} = 2 \begin{pmatrix} -1 & 0 \\ 0 & 2 \end{pmatrix} = 2A$

03. ম্যাট্রিক্স  $\begin{bmatrix} 1 & 3 & 5 \\ 2 & 5 & 7 \\ 3 & 8 & 6 \end{bmatrix}$  এর ট্রেস কোনটি? [Ans: a][SAU'17-18]  
 (a) 12 (b) 13 (c) 17 (d) 15

সমাধান: (a); মুখ্যকর্ণের উপাদানগুলোর যোগফলকে Trace বলে। এখানে,  $\text{Trace} = 1 + 5 + 6 = 12$

04.  $\begin{vmatrix} 5 & 6 & 7 \\ 1 & 2 & 3 \\ 3 & 6 & 9 \end{vmatrix} = ?$  [JGVC'17-18]  
 (a) 0 (b) 1 (c) 2 (d) 3

সমাধান: (a);  $\begin{vmatrix} 5 & 6 & 7 \\ 1 & 2 & 3 \\ 3 & 6 & 9 \end{vmatrix} = 3 \begin{vmatrix} 5 & 6 & 7 \\ 1 & 2 & 3 \\ 1 & 2 & 3 \end{vmatrix} = 3 \times 0 = 0$

05. A একটি অব্যতিক্রমী বর্গ ম্যাট্রিক্স হলে  $A^{-1}$  এর বিপরীত ম্যাট্রিক্স কোনটি? [Ans: a][SAU'16-17]  
 (a) A (b)  $-A$  (c)  $\pm A$  (d)  $(0)$   
 সমাধান: (a);  $(A^{-1})^{-1} = A$

06.  $A = \begin{bmatrix} 1 & 0 & -2 \\ 3 & -2 & -1 \end{bmatrix}$  এবং  $B = \begin{bmatrix} -1 & 3 \\ 4 & 0 \\ 2 & 6 \end{bmatrix}$  হলে নিচের কোনটি সঠিক? [Ans: b][SAU'16-17]  
 (a)  $AB = BA$  (b)  $AB \neq BA$  (c)  $AB = I$  (d)  $BA = I$

07. A একটি  $3 \times 3$  ক্রমের ম্যাট্রিক্স এবং I একই ক্রমের ম্যাট্রিক্স হলে  $AI^3$  এর মান কোনটি? [SBAU'11-12,BAU'14-15]  
 (a)  $3A$  (b) A (c)  $3AI$  (d)  $-A$   
 সমাধান: (b);  $I^3 = I$ ,  $AI^3 = AI = A$

08. কর্ণ ম্যাট্রিক্সের অশূন্য উপাদানগুলো সমান হলে তাকে কি বলে? [BAU'05-06,SBAU'14-15]  
 (a) বর্গ ম্যাট্রিক্স (b) স্কেলার ম্যাট্রিক্স (c) অভেদক ম্যাট্রিক্স (d) শূন্য ম্যাট্রিক্স  
 সমাধান: (b); কর্ণ ম্যাট্রিক্সের অশূন্য উপাদান গুলো সমান হলে, তাকে স্কেলার ম্যাট্রিক্স বলে।

09. A ম্যাট্রিক্সের ক্রম  $5 \times 7$  এবং B ম্যাট্রিক্সের ক্রম  $7 \times 5$  হলে AB ম্যাট্রিক্সের ক্রম কোনটি? [Ans: d] [SAU'12-13,14-15]  
 (a)  $7 \times 7$  (b)  $5 \times 7$  (c)  $7 \times 5$  (d)  $5 \times 5$

10.  $A = \begin{bmatrix} 4 \\ -1 \\ 3 \end{bmatrix}$  এবং  $B = |1 \ 2 \ 3|$  হলে AB ম্যাট্রিক্স কোনটি? [BAU'13-14]  
 (a)  $A|4, -2, 9|$  (b)  $\begin{vmatrix} 4 & 8 & 12 \\ -1 & -2 & -3 \\ 3 & 6 & 9 \end{vmatrix}$  (c)  $\begin{vmatrix} 4 \\ -2 \\ 0 \end{vmatrix}$  (d)  $|11|$

সমাধান: (b); A এর মাত্রা  $3 \times 1$ ; B এর মাত্রা  $1 \times 3$  ∴ AB,  $3 \times 3$  ম্যাট্রিক্স হবে।

কৃষি প্রশ্নব্যাংক

11. B একটি বর্গম্যাট্রিক্স এবং I একই ক্রমের একক ম্যাট্রিক্স হলে  $BI^2$  এর মান কত? (d) BI  
 (a) B (b)  $I^2$  (c)  $B^2$  [Ans: a][SAU'13-14]  
 12. A একটি বর্গ ম্যাট্রিক্স এবং I একই ক্রমের একক ম্যাট্রিক্স হলে AI এর মান কত? (d) 0  
 (a)  $A^2$  (b) A (c) 1 [JGVC'13-14]

সমাধান: (b);  $A = \begin{bmatrix} a & c \\ b & d \end{bmatrix}, I = \begin{bmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{bmatrix} \therefore AI = \begin{bmatrix} a & c \\ b & d \end{bmatrix} = A$

[BAU'07-08,12-13]

13.  $\begin{vmatrix} 4 & 8 & 12 \\ 4 & 4 & 6 \\ 1 & 2 & 3 \end{vmatrix}$  এর মান কত? (d) 2  
 (a) -1 (b) 0 (c) 1

সমাধান: (b); মান =  $4(12 - 12) - 8(12 - 6) + 12(8 - 4) = 0 - 48 + 48 = 0$

[BAU'09-10, BSMRAU'12-13]

14. A ম্যাট্রিক্সের  $m \times n$  ক্রম এবং B ম্যাট্রিক্সের ক্রম  $n \times p$  হলে,  $A \times B$  ম্যাট্রিক্সের ক্রম কোনটি? (d)  $m \times m$   
 (a)  $m \times p$  (b)  $n \times m$  (c)  $m \times n$

সমাধান: (a); A ম্যাট্রিক্সের ক্রম  $m \times n$  এবং B ম্যাট্রিক্সের ক্রম  $n \times p$  হলে  $A \times B$  ম্যাট্রিক্সের ক্রম  $m \times p$ ।

15.  $\begin{vmatrix} 0 & 0 & 1 \\ a-b & b-c & c \\ a^2-b^2 & b^2-c^2 & c^2 \end{vmatrix} = ?$  [Ans: a][BAU'08-09]  
 (a)  $(a-b)(b-c)(c-a)$  (b)  $(b-a)(b-c)(c-a)$   
 (c)  $(a-b)(c-b)(c-a)$  (d)  $(a-b)(b-c)(a-c)$

সমাধান: (a);  $\begin{vmatrix} 0 & 0 & 1 \\ a-b & b-c & c \\ a^2-b^2 & b^2-c^2 & c^2 \end{vmatrix} = (a-b)(b-c) \begin{vmatrix} 1 & 1 \\ a+b & b+c \end{vmatrix} = (a-b)(b-c)(c-a)$

অধ্যায়-০২ : ভেক্টর

01. এক বিন্দুতে লম্বভাবে ক্রিয়াশীল  $P = 2\hat{i} - 2\hat{j} + \hat{k}$  ও  $Q = \sqrt{3}\hat{i} + \sqrt{3}\hat{j} + \sqrt{3}\hat{k}$  বলের লব্ধি P বলের সাথে কত কোণ করে? (d)  $90^\circ$   
 (a)  $30^\circ$  (b)  $45^\circ$  (c)  $60^\circ$  [BAU'18-19]

সমাধান: (Question ভুল); P ও Q এর মাঝে কোণ =  $\cos^{-1} \left( \frac{2\sqrt{3} - 2\sqrt{3} + \sqrt{3}}{3.3} \right) = \cos^{-1} \left( \frac{\sqrt{3}}{9} \right) = 78.9^\circ$

P ও Q এর মাঝে কোণ  $78.9^\circ$  তাই এরা লম্বভাবে ক্রিয়া করে না।

02.  $2\hat{i} - \hat{j} - \hat{k}$  ভেক্টরটি z-অক্ষের ঋণাত্মক দিকের সাথে যে কোণ তার পরিমাণ কত? [SAU'18-19]  
 (a)  $\cos^{-1} \frac{1}{\sqrt{2}}$  (b)  $\cos^{-1} \frac{1}{\sqrt{3}}$  (c)  $\cos^{-1} \frac{1}{\sqrt{6}}$  (d)  $-\cos^{-1} \frac{1}{\sqrt{6}}$

সমাধান: (c);  $\theta = \cos^{-1} \frac{(2\hat{i} - \hat{j} - \hat{k}) \cdot (-\hat{k})}{\sqrt{6}} = \cos^{-1} \frac{1}{\sqrt{6}}$

03. a এর মান কত হলে  $2\hat{i} + \hat{j} - \hat{k}, 3\hat{i} - 2\hat{j} + 4\hat{k}$  এবং  $\hat{i} - 3\hat{j} + a\hat{k}$  ভেক্টরত্রয় একই সমতলে থাকবে? (d) 6  
 (a) 3 (b) 4 (c) 5 [BAU'17-18]

সমাধান: (c);  $\begin{vmatrix} 2 & 1 & -1 \\ 3 & -2 & 4 \\ 1 & -3 & a \end{vmatrix} = 0 \therefore a = 5$

04.  $\vec{P} = 3\hat{i}$  ও  $\vec{Q} = -5\hat{i}$  হলে  $\vec{P}$  ও  $\vec{Q}$  ভেক্টরদ্বয়ের অন্তর্গত কোণ কোনটি? [SAU'17-18]  
 (a)  $0^\circ$  (b)  $30^\circ$  (c)  $90^\circ$  (d)  $180^\circ$   
 সমাধান: (d);  $\vec{P} \cdot \vec{Q} = PQ \cos \theta \Rightarrow (3\hat{i}) \cdot (-5\hat{i}) = 3 \times 5 \cos \theta \Rightarrow \cos \theta = -1 \therefore \theta = 180^\circ$

05. এক বিন্দুতে  $45^\circ$  কোণে ক্রিয়ারত P ও  $\sqrt{2}N$  বলের লব্ধি  $\sqrt{10}N$  হলে P এর মান কোনটি? [SAU'17-18]  
 (a) 3N (b) 2N (c) 5N (d) 7N

সমাধান: (b);  $\sqrt{10} = \sqrt{P^2 + 2 + 2 \cdot P \cdot \sqrt{2} \cos 45^\circ} \Rightarrow 10 = P^2 + 2 + 2P$   
 $\Rightarrow P^2 + 2P - 8 = 0 \therefore P = 2, -4 \therefore P = 2$

06. দুটি বিন্দু A(2, -1, 3) এবং B(-1, 2, -3) হলে, ভেক্টর  $\overline{AB} = ?$  [Ans: b][JGVC'17-18]  
 (a)  $2\hat{i} + \hat{j} - 9\hat{k}$  (b)  $-3\hat{i} + 3\hat{j} - 6\hat{k}$   
 (c)  $-2\hat{i} - 2\hat{j} + 9\hat{k}$  (d)  $3\hat{i} + 3\hat{j} + 6\hat{k}$

07. ABCD সামান্তরিকে A এর সাপেক্ষে B ও D এর অবস্থান ভেক্টর যথাক্রমে  $\underline{a}$  ও  $\underline{b}$  হলে, M, BD এর মধ্যবিন্দু হলে, A বিন্দুর সাপেক্ষে M এর অবস্থান ভেক্টর কোনটি? [JGVC'17-18]  
 (a)  $(\underline{a} + \underline{b})$  (b)  $\frac{1}{4}(\underline{a} + \underline{b})$  (c)  $\frac{1}{2}(\underline{a} + \underline{b})$  (d)  $\frac{1}{6}(\underline{a} + \underline{b})$

সমাধান: (c); M, BD এর মধ্যবিন্দু হলে, M এর অবস্থান ভেক্টর =  $\frac{1}{2}(\underline{a} + \underline{b})$

08.  $\vec{A} = \hat{i} + 2\hat{j} - 3\hat{k}$  ও  $\vec{B} = 3\hat{i} - \hat{j} + 2\hat{k}$  হলে  $\vec{A} + \vec{B}$  ও  $\vec{A} - \vec{B}$  ভেক্টরদ্বয়ের মধ্যবর্তী কোণ কত? [SBAU'16-17,BAU'16-17]  
 (a)  $30^\circ$  (b)  $60^\circ$  (c)  $90^\circ$  (d)  $120^\circ$

সমাধান: (c);  $\vec{A} + \vec{B} = 4\hat{i} + \hat{j} - \hat{k}$ ;  $\vec{A} - \vec{B} = -2\hat{i} + 3\hat{j} - 5\hat{k}$   
 $(\vec{A} + \vec{B}) \cdot (\vec{A} - \vec{B}) = -8 + 3 + 5 = 0 \therefore (\vec{A} + \vec{B}) \wedge (\vec{A} - \vec{B}) = 90^\circ$

09.  $\vec{a}$  ভেক্টরের দিকে  $\vec{b}$  ভেক্টরের লম্ব অভিক্ষেপ কোনটি? [Ans: a][BAU'16-17]  
 (a)  $\vec{a} \cdot \vec{b}$  (b)  $\vec{b} \cdot \vec{a}$  (c)  $\hat{a} \cdot \hat{b}$  (d) কোনটিই নয়

10.  $2\hat{i} + \hat{j} - 3\hat{k}$  এবং  $3\hat{i} - 2\hat{j} - \hat{k}$  ভেক্টরদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ- [SBAU'16-17]  
 (a)  $30^\circ$  (b)  $45^\circ$  (c)  $60^\circ$  (d)  $120^\circ$

সমাধান: (c);  $\theta = \cos^{-1} \frac{(2\hat{i} + \hat{j} - 3\hat{k}) \cdot (3\hat{i} - 2\hat{j} - \hat{k})}{\sqrt{2^2 + 1^2 + (-3)^2} \cdot \sqrt{3^2 + (-2)^2 + (-1)^2}} = 60^\circ$

11.  $\hat{i} + \hat{j} + \hat{k}$  ভেক্টরটি y অক্ষের ধনাত্মক দিকের সাথে যে কোন উৎপন্ন করে তার পরিমাণ কোনটি? [Ans: c][SAU'16-17]  
 (a)  $\cos^{-1} \frac{1}{\sqrt{2}}$  (b)  $\sin^{-1} \frac{1}{\sqrt{3}}$  (c)  $\cos^{-1} \frac{1}{\sqrt{3}}$  (d)  $-\cos^{-1} \frac{1}{\sqrt{3}}$

12.  $\underline{a} = 2\hat{i} + \hat{j} + \hat{k}$ ,  $\underline{b} = \hat{i} - \hat{j} + \hat{k}$  এবং  $\underline{c} = \hat{i} + \hat{j} - \hat{k}$  হলে,  $\underline{a} \cdot \underline{b} + \underline{b} \cdot \underline{c} + \underline{c} \cdot \underline{a} = ?$  [BAU'14-15]  
 (a) 0 (b) 1 (c) 2 (d) 3

সমাধান: (d);  $\underline{a} \cdot \underline{b} = 2(1) + 1(-1) + 1 \times 1 = 2$

$\underline{b} \cdot \underline{c} = 1 \times 1 + (-1) \times 1 + 1(-1) = -1$

$\underline{c} \cdot \underline{a} = 1 \times 2 + 1 \times 1 + (-1) \times 1 = 2$

$\therefore \underline{a} \cdot \underline{b} + \underline{b} \cdot \underline{c} + \underline{c} \cdot \underline{a} = 2 - 1 + 2 = 3$

13.  $\underline{i} + \underline{j} + \underline{k}$  এবং  $3\hat{i} + 3\hat{j} - 6\hat{k}$  ভেক্টরদ্বয়ের মধ্যবর্তী কোণ কত? [BAU'06-07,SAU'10-11,12-13,13-14]  
 (a)  $0^\circ$  (b)  $45^\circ$  (c)  $90^\circ$  (d)  $180^\circ$

সমাধান: (c);  $\theta = \cos^{-1} \frac{\underline{A} \cdot \underline{B}}{|\underline{A}| |\underline{B}|} = \cos^{-1} \frac{3+3-6}{\sqrt{3} \cdot 3\sqrt{6}} = 90$

14.  $\underline{A} = \underline{i}$  এবং  $\underline{B} = \underline{j}$  হলে  $\underline{A} \cdot \underline{B}$  এর মান কোনটি? [Ans: c][CVASU'11-12]  
 (a) 1 (b) -1 (c) 0 (d) k

## অধ্যায়-০৩ : সরলরেখা

01. মূলবিন্দু থেকে  $x \sin \alpha + y \cos \alpha = p$  রেখার উপর লম্ব অঙ্কিত হলো। এ লম্ব রেখাটি  $x$  অক্ষের ধনাত্মক দিকের সাথে যে কোণ উৎপন্ন করে তার মান কত?  
 (a)  $\alpha$  (b)  $\frac{\pi}{2} - \alpha$  (c)  $\frac{\pi}{2} + \alpha$  (d)  $\pi + \alpha$   
 [Ans: c][BAU'18-19]
02. কোন বিন্দুর কার্তেসিয় স্থানাঙ্ক  $(-1, \sqrt{3})$  হলে বিন্দুটির পোলার স্থানাঙ্ক কত?  
 (a)  $(2, \frac{\pi}{3})$  (b)  $(2, -\frac{\pi}{3})$  (c)  $(2, \frac{2\pi}{3})$  (d)  $(4, \frac{2\pi}{3})$   
 [Ans: c][CVASU'11-12,BAU'18-19]
03. কার্তেসীয় সমতলে একটি বিন্দুর স্থানাঙ্ক  $(1, -1)$  হলে, এর পোলার স্থানাঙ্ক কত?  
 (a)  $(2, \frac{\pi}{4})$  (b)  $(1, \frac{\pi}{3})$  (c)  $(\sqrt{2}, -\frac{\pi}{4})$  (d)  $(2, \frac{\pi}{3})$   
 সমাধান: (c);  $r = \sqrt{1^2 + (-1)^2} = \sqrt{2}$ ;  $\theta = \tan^{-1}(\frac{-1}{1}) = -\frac{\pi}{4}$   
 [SAU'18-19]
04.  $(K, 2), (0, 5)$  এবং  $(2 - K, 3)$  বিন্দুত্রয় সমরেখ হলে  $K$  এর মান কত?  
 (a)  $-13$  (b)  $\frac{6}{5}$  (c)  $-9$  (d)  $-19$   
 সমাধান: (b);  $\frac{5-2}{0-K} = \frac{3-5}{2-K} \Rightarrow \frac{3}{K} = \frac{-2}{K-2} \Rightarrow K = \frac{6}{5}$
05. যদি  $A = (2, -4), B = (7, 1)$  এবং  $C = (-1, 5)$  ABCD সামান্তরিকের তিনটি শীর্ষ বিন্দু হয় তবে D এর স্থানাঙ্ক কত?  
 (a)  $(0, -6)$  (b)  $(-6, 0)$  (c)  $(6, 0)$  (d)  $(3, 2)$  [Ans: b][CVASU'18-19]
06.  $6x - 4y + 9 = 0$  এবং  $3x - 2y = 1$  রেখাদ্বয়ের মধ্যবর্তী লম্ব দূরত্ব কত?  
 (a)  $\frac{11}{\sqrt{3}}$  (b)  $\frac{11}{2\sqrt{13}}$  (c)  $\frac{10}{\sqrt{13}}$  (d)  $\frac{7}{2\sqrt{13}}$   
 সমাধান: (b);  $3x - 2y + \frac{9}{2} = 0$ ;  $3x - 2y - 1 = 0$ ;  $d = \frac{|\frac{9}{2} + 1|}{\sqrt{3^2 + 2^2}} = \frac{11}{2\sqrt{13}}$
07. একটি বহুভুজের একটি কোণের পরিমাণ  $170^\circ$ , বহুভুজটির বাহুর সংখ্যা কত?  
 (a) 9 (b) 18 (c) 27 (d) 36  
 সমাধান: (d);  $\frac{(n-2) \times 180^\circ}{n} = 170^\circ \Rightarrow 180^\circ n - 360^\circ = 170^\circ n \therefore n = 36$   
 [BAU'17-18]
08.  $A(2, 3), B(1, 5), C(3, 4)$  শীর্ষ বিশিষ্ট ত্রিভুজের ভরকেন্দ্র কোনটি?  
 (a)  $(1, 2)$  (b)  $(1, 3)$  (c)  $(2, 4)$  (d)  $(4, 8)$   
 [Ans: c][SAU'12-13,BAU'14-15,17-18]
09. একটি সরলরেখার সমীকরণ নির্ণয় কর যা মূল বিন্দুগামী ও  $x - y = 0$  রেখার উপর লম্ব।  
 (a)  $x + y = -1$  (b)  $x + y = 0$  (c)  $x + y = 1$  (d)  $x + y = 2$   
 সমাধান: (b);  $x - y = 0$  রেখার লম্ব রেখা  $-x - y = k$ ;  $x + y = -k \dots \dots \dots$  (i)  
 (i) নং  $(0, 0)$  বিন্দুগামী বলে  $0 + 0 = -k = 0 \therefore k = 0 \therefore x + y = 0$   
 [JGVC'17-18]
10. একটি ত্রিভুজের শীর্ষক্রম  $A(x, y), B(1, 2), C(2, 1)$  এবং এর ক্ষেত্রফল 6 বর্গ একক হলে  $x + y = ?$   
 (a)  $-6$  (b) 9 (c)  $-12$  (d) 15  
 সমাধান: (d);  $\frac{1}{2} \begin{vmatrix} x & y & 1 \\ 1 & 2 & 1 \\ 2 & 1 & 1 \end{vmatrix} = 6 \Rightarrow x \begin{vmatrix} 2 & 1 \\ 1 & 1 \end{vmatrix} - y \begin{vmatrix} 1 & 1 \\ 2 & 1 \end{vmatrix} + 1 \begin{vmatrix} 1 & 2 \\ 2 & 1 \end{vmatrix} = 12$   
 $\Rightarrow x + y - 3 = 12 \therefore x + y = 15$   
 [JGVC'17-18]
11. একটি ত্রিভুজের দু'টি শীর্ষবিন্দু যথাক্রমে  $(2, 7)$  এবং  $(6, 1)$  এবং ভরকেন্দ্র  $(6, 4)$  হলে তৃতীয় শীর্ষবিন্দুটি কত হবে?  
 (a)  $(4, 10)$  (b)  $(5, 10)$  (c)  $(10, 4)$  (d)  $(10, 5)$   
 সমাধান: (c);  $(\frac{2+6+x_3}{3}, \frac{7+1+y_3}{3}) = (6, 4) \Rightarrow (x_3, y_3) = (10, 4)$   
 [BAU'16-17]

[SAU'16-17]

12. a এর মান কত হলে  $2x - y = 0$  এবং  $3x + ay - 2 = 0$  রেখাদ্বয় পরস্পর লম্ব হবে?  
 (a)  $\frac{2}{3}$  (b)  $\frac{3}{2}$  (c) 6 (d) -6

সমাধান: (c);  $m_1 = 2; m_2 = -\frac{3}{a}$ ; লম্ব হতে হলে,  $2 \times \left(-\frac{3}{a}\right) = -1 \Rightarrow a = 6$

[Ans: b]

13. একটি আয়তক্ষেত্রের দুইটি বাহুর সমীকরণ  $x - 4 = 0$  এবং  $y - 8 = 0$  হলে আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল কোনটি?  
 (a) 16 বর্গ একক (b) 32 বর্গ একক (c) 64 বর্গ একক (d) 24 বর্গ একক

[CVASU'16-17]

[SBAU'16-17]

14.  $(x + y, 1)$  এবং  $(3, x - y)$  ক্রমজোড় দুইটি সমান হলে, x এবং y এর মান কত?  
 (a) (1,2) (b) (2,1) (c) (0,1) (d) (1,3)

সমাধান: (b);  $x + y = 3, x - y = 1 \therefore 2x = 4 \Rightarrow x = 2$

[Ans: b][SAU'16-17]

15. x-অক্ষের সাপেক্ষে  $(2, -3)$  বিন্দুর প্রতিচ্ছবির স্থানাঙ্ক কোনটি?  
 (a)  $(-2, -3)$  (b)  $(2, 3)$  (c)  $(0, 3)$  (d)  $(2, 0)$

সমাধান: (b); x অক্ষের সাপেক্ষে  $(a, b)$  বিন্দুর প্রতিচ্ছবি  $(a, -b)$

y অক্ষের সাপেক্ষে  $(a, b)$  বিন্দুর প্রতিচ্ছবি  $(-a, b)$

x = y রেখার সাপেক্ষে  $(a, b)$  বিন্দুর প্রতিচ্ছবি  $(b, a)$

x = -y রেখার সাপেক্ষে  $(a, b)$  বিন্দুর প্রতিচ্ছবি  $(-b, -a)$

[BAU'15-16]

16. কোন বিন্দুর কার্তেসিয় স্থানাঙ্ক  $(x, y)$  হলে পোলার স্থানাঙ্ক কোনটি?  
 (a)  $(x^2 + y^2, \frac{y}{x})$  (b)  $(\sqrt{x^2 + y^2}, \tan^{-1} \frac{y}{x})$  (c)  $(x^2 + y^2, \tan^{-1} \frac{x}{y})$  (d)  $(\sqrt{x^2 + y^2}, \tan^{-1} \frac{x}{y})$

সমাধান: (b);  $r = \sqrt{x^2 + y^2}; \theta = \tan^{-1} \frac{y}{x} \therefore$  পোলার স্থানাঙ্ক  $= (\sqrt{x^2 + y^2}, \tan^{-1} \frac{y}{x})$

[BAU'15-16]

17.  $(3,5)$  এবং  $(5,4)$  বিন্দুগামী রেখার উপর লম্ব রেখার ঢালের মান কোনটি?  
 (a) -1 (b)  $\frac{1}{2}$  (c) 1 (d) 2

সমাধান: (d); লম্বরেখার ঢাল  $= -\frac{x_2 - x_1}{y_2 - y_1} = -\frac{5-3}{4-5} = 2$

[BAU'15-16]

18.  $ax + by - c = 0$  সরলরেখাটি অক্ষদ্বয়ের সাথে যে ত্রিভুজটি উৎপন্ন করে তার ক্ষেত্রফল কত বর্গ একক?  
 (a)  $\frac{c}{2ab}$  (b)  $\frac{c^2}{2ab}$  (c)  $\frac{c^2}{\sqrt{2ab}}$  (d)  $\frac{c}{ab}$

সমাধান: (b);  $ax + by - c = 0 \Rightarrow \frac{x}{\frac{c}{a}} + \frac{y}{\frac{c}{b}} = 1 \therefore$  ত্রিভুজের ক্ষেত্রফল  $= \frac{1}{2} \times \frac{c}{a} \times \frac{c}{b} = \frac{c^2}{2ab}$

[BAU'15-16]

19. একটি সরলরেখা  $(0, 3), (3, 6)$  বিন্দু দিয়ে অতিক্রম করে, রেখাটির সমীকরণ কোনটি?  
 (a)  $y + x + 3 = 0$  (b)  $y - x - 3 = 0$  (c)  $y - x + 3 = 0$  (d)  $y + x - 3 = 0$

Sol<sup>n</sup>: (b); সমীকরণ,  $\frac{x-3}{3-0} = \frac{y-6}{6-3} \Rightarrow x - y + 3 = 0 \Rightarrow y - x - 3 = 0$

[BAU'12-13,14-15]

20.  $r = 4a \operatorname{cosec} \theta \cot \theta$  পোলার সমীকরণটিকে কার্তেসীয় সমীকরণে রূপান্তরিত করলে কোনটি হবে?  
 (a)  $y^2 = 4ax$  (b)  $y^2 + 4ax = 0$  (c)  $y^2 = 2ax$  (d)  $x^2 + y^2 = a^2$

সমাধান: (a);  $r = 4a \operatorname{cosec} \theta \cot \theta \Rightarrow r = 4a \frac{1}{\sin \theta} \cdot \frac{\cos \theta}{\sin \theta} \Rightarrow r \sin^2 \theta = 4a \cos \theta$   
 $\Rightarrow r^2 \sin^2 \theta = 4a r \cos \theta \Rightarrow (r \sin \theta)^2 = 4a(r \cos \theta) \Rightarrow y^2 = 4ax$

21.  $5x - 5y\sqrt{3} + 2 = 0$  এবং  $3x\sqrt{3} + 3y - 4 = 0$  সরল রেখাদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ কত?  
 (a)  $45^\circ$  (b)  $60^\circ$  (c)  $0^\circ$  (d)  $90^\circ$

সমাধান: (d);  $5x - 5y\sqrt{3} + 2 = 0$  এবং  $3x\sqrt{3} + 3y - 4 = 0 \therefore 3\sqrt{3} \times 5 + 3 \times (-5\sqrt{3}) = 15\sqrt{3} - 15\sqrt{3} = 0$

$\therefore$  রেখাদ্বয় পরস্পর লম্ব এবং অন্তর্ভুক্ত কোণ  $= 90^\circ$

22.  $(1,0), (2,1)$  ও  $(4,5)$  বিন্দুগুলো দ্বারা গঠিত ত্রিভুজের ক্ষেত্রফল কত বর্গ একক?  
 (a) 14 (b) 12 (c) 10 (d) 1

[SBAU'14-15]

সমাধান: (d); ক্ষেত্রফল,  $= \frac{1}{2} \begin{vmatrix} 1 & 0 & 1 \\ 2 & 1 & 1 \\ 4 & 5 & 1 \end{vmatrix} = \frac{1}{2} \begin{vmatrix} 0 & 0 & 1 \\ 1 & 1 & 1 \\ 3 & 5 & 1 \end{vmatrix} = \frac{1}{2} (5 - 3) = 1$  sq একক।

23.  $x - 2y = \sqrt{3}m^2$  সরল রেখাটি মূলবিন্দুগামী হলে,  $m$  এর মান কোনটি? (d)  $\sqrt{3}$   
 (a) 0 (b) 1 (c) 2

সমাধান: (a);  $x - 2y = \sqrt{3}m^2$  ইহা (0,0) বিন্দু গামী হলে,  $0 - 0 = \sqrt{3}m^2 \Rightarrow m = 0$

24. যে সরলরেখা  $x$ -অক্ষের সমান্তরাল কোন রেখার সাথে  $30^\circ$  কোণ উৎপন্ন করে, সে সরলরেখার উপর লম্বরেখার ঢালের মান কোনটি? (d)  $\frac{-1}{\sqrt{3}}$  [JGVC'14-15]  
 (a)  $\sqrt{3}$  (b)  $-\sqrt{3}$  (c)  $-1$

সমাধান: (b);  $x$ -এর সমান্তরাল সরলরেখার সাথে  $30^\circ$  কোণ উৎপন্নকারী রেখার ঢাল =  $\tan 30^\circ = \frac{1}{\sqrt{3}}$


এর উপর লম্বের ঢাল =  $m$  হলে, পাই,  $m \times \frac{1}{\sqrt{3}} = -1 \Rightarrow m = -\sqrt{3}$

25.  $y = x$  সরলরেখার উপর P বিন্দুর ভূজের মান 2 এবং P হতে  $x$ -অক্ষের উপর PM লম্ব অঙ্কন করা হলে OPM ত্রিভুজের ক্ষেত্রফল কত? (d) 4 বর্গএকক [JGVC'14-15]  
 (a) 1 বর্গএকক (b) 2 বর্গএকক (c) 3 বর্গএকক

সমাধান: (b); প্রশ্নমতে,  $OM = 2$

$PM = y, x = 2$

$\therefore \Delta OPM = \frac{1}{2} \times OM \times PM$   
 $= \frac{1}{2} \times 2 \times 2 = 2$  বর্গএকক



26.  $x - y = 1$  রেখাটি  $x$ -অক্ষের সাথে যে বিন্দুতে মিলিত হয় সে বিন্দুটির স্থানাঙ্ক কোনটি? [BAU'09-10,BSMRAU'14-15,SBAU-10-11, CVASU'14-15,JGVC'14-15]  
 (a) (0, 1) (b) (1, 0) (c) (0, -1) (d) (-1, 0)


সমাধান: (b);  $x - y = 1 \Rightarrow \frac{x}{1} + \frac{y}{-1} = 1$ ; রেখাটির সাথে  $x$ -অক্ষের মিলিত বিন্দু (1, 0)।

27.  $x + y = 1$  এবং  $x = 0$  সরলরেখাদ্বয়ের মধ্যবর্তী কোণ কোনটি? [CVASU'14-15,JGVC'13-14,14-15]  
 (a)  $90^\circ$  (b)  $0^\circ$  (c)  $45^\circ$  (d)  $180^\circ$

সমাধান: (c);  $x + y = 1 \Rightarrow \frac{x}{1} + \frac{y}{1} = 1$

রেখাটি  $x$  ও  $y$  অক্ষে সমান কোণ উৎপন্ন করে

$\therefore x = 0$  বা,  $y$  অক্ষের সাথে  $= \frac{90^\circ}{2} = 45^\circ$  কোণ উৎপন্ন করে।



28.  $k$ -এর মান কত হলে  $3x - 4y + 1 = 0$  এবং  $4x + ky + 22 = 0$  সরলরেখা দুইটি মধ্যবর্তী কোণ এক সমকোণ হবে? [Ans: c]  
 (a) 4 (b) -4 (c) 3 (d) 2 [SAU'10-11,BSMRAU'14-15]

29. মূলবিন্দু থেকে  $x\sqrt{3} + y = 10$  সরলরেখাটির লম্ব দূরত্ব হবে — [CVASU'14-15]  
 (a) -5 (b) 5 (c) -10 (d) 10

সমাধান: (b);  $x\sqrt{3} + y - 10 = 0$ ; (0, 0) হতে লম্ব দূরত্ব =  $\frac{|0 \times \sqrt{3} + 0 - 10|}{\sqrt{(\sqrt{3})^2 + 1^2}} = \frac{|-10|}{\sqrt{4}} = \frac{10}{2} = 5$

30.  $12x - 5y + 13 = 0$  এর উপর লম্ব এবং মূলবিন্দুগামী সরলরেখা হবে — [CVASU'14-15]  
 (a)  $12x - 5y = 0$  (b)  $12x + 5y = 0$  (c)  $5x - 12y = 0$  (d)  $5x + 12y = 0$

সমাধান: (d);  $12x - 5y + 13 = 0$  এর মূলবিন্দু গামী (0, 0) লম্ব রেখার সমীকরণ,  $5(x - 0) + 12(y - 0) \Rightarrow 5x + 12y = 0$

31.  $4x - 3y + 11 = 0$  রেখার উপর লম্ব এবং মূলবিন্দুগামী রেখার সমীকরণ কোনটি? [SAU'13-14]  
 (a)  $3x + 4y = 0$  (b)  $3x - 4y = 0$  (c)  $4x + 3y = 0$  (d)  $x + 3y = 0$

সমাধান: (a);  $4x - 3y + 11 = 0$  এর উপর লম্ব রেখার সমীকরণ।


$3x + 4y + k = 0$  যা (0, 0) বিন্দুগামী।  $K = 0 \therefore 3x + 4y = 0$

32.  $(4, \frac{\pi}{4})$  বিন্দুর কার্তেসীয় স্থানাঙ্ক কোনটি? [SAU'13-14]  
 (a)  $(\sqrt{2}, \sqrt{2})$  (b) (2, 2) (c)  $(2\sqrt{2}, 2\sqrt{2})$  (d) (1, 1)

সমাধান: (c);  $r = 4 \therefore x = r \cos \theta = 4 \cos \frac{\pi}{4} = 2\sqrt{2} \therefore 4 = r \sin \theta = 4 \sin \frac{\pi}{4} = 2\sqrt{2} \therefore (x, y) = (2\sqrt{2}, 2\sqrt{2})$

33.  $x + 2y = 2$  রেখাটি অক্ষদ্বয়ের সাথে যে ত্রিভুজ উৎপন্ন করে তার ক্ষেত্রফল কোনটি?  
 [CVASU'12-13,13-14,BAU'11-12,13-14,SBAU'10-11,11-12,JGVC'13-14]  
 (a) 2 বর্গ একক (b) 1 বর্গ একক (c) 4 বর্গ একক (d) 3 বর্গ একক  
 সমাধান: (b);  $x + 2y = 2$  রেখাটি অক্ষদ্বয়ের সাথে যে ত্রিভুজ উৎপন্ন করে তার প্রান্ত বিন্দুত্রয় (0,1), (2,0) ও (0,0)।  
 $\therefore$  ত্রিভুজের ক্ষেত্রফল =  $\frac{1}{2} \{0(2-0) + 2(0-2) + 0(1-0)\} = 1$  বর্গ একক
34.  $y = mx + 6$  এবং  $y = 3x + 10$  সরলরেখা দুটি সমান্তরাল হলে m এর মান কত?  
 [BAU'06-07, JGVC'13-14]  
 (a)  $m = 0$  (b)  $m = 2$  (c)  $m = 6$  (d)  $m = 3$   
 সমাধান: (d); যেহেতু  $y = mx + 6$  রেখা ও  $y = 3x + 10$  রেখাদ্বয় পরস্পর সমান্তরাল তাই ঢালদ্বয় পরস্পর সমান হবে।  $\therefore m = 3$
35. (3,4) এবং (7,8) বিন্দুগামী রেখা এবং এর মধ্যবিন্দুগামী লম্বরেখার ছেদবিন্দুর স্থানাঙ্ক কত?  
 [CVASU'10-11,SAU'13-14]  
 (a) (5,6) (b) (-5,-6) (c) (-5,6) (d) (5,-6)  
 সমাধান: (a);  $x = \frac{3+7}{2} = 5, y = \frac{4+8}{2} = 6 \therefore$  ছেদ বিন্দুর স্থানাঙ্ক = (5,6)
36. P(1,1), Q(2,2) এবং R(3,3) বিন্দুত্রয় সংযোগ করলে কোনটি উৎপন্ন হবে?  
 [CVASU'13-14]  
 (a) সমবাহু ত্রিভুজ (b) সমদ্বিবাহু ত্রিভুজ (c) সমকোণী ত্রিভুজ (d) সরলরেখা  
 সমাধান: (d);  $\begin{vmatrix} 1 & 1 & 0 \\ 2 & 2 & 0 \\ 3 & 3 & 0 \end{vmatrix} = 0$ ; যেহেতু সারি ও কলাম একই।  
 $\therefore$  বিন্দুত্রয় দ্বারা গঠিত নির্ণায়কের মান শূন্য  $\therefore$  বিন্দুত্রয় সরল রেখা উৎপন্ন করে।
37. K বিন্দু (1,0) ও y অক্ষ হতে সমান দূরত্বে থাকলে, এর সম্ভব পথের সমীকরণ কোনটি?  
 [BAU'13-14]  
 (a)  $y^2 + 1 = 2y$  (b)  $y^2 + 1 = 2x$  (c)  $y^2 - 2x = 1$  (d)  $y^2 + 2x = 1$   
 সমাধান: (b); ধরি, K (x,y); (1,0) বিন্দু থেকে দূরত্ব =  $\sqrt{(x-1)^2 + y^2}$  এবং y অক্ষ হতে দূরত্ব = |x|  
 $\therefore x^2 = (x-1)^2 + y^2 \Rightarrow x^2 = x^2 - 2x + 1 + y^2 \Rightarrow y^2 + 1 = 2x$
38.  $y + 3x = 1$  এবং  $x - 3y + 6 = 0$  রেখাদ্বয়ের মধ্যবর্তী কোণ কত?  
 [BAU'12-13]  
 (a)  $0^\circ$  (b)  $45^\circ$  (c)  $90^\circ$  (d)  $60^\circ$   
 সমাধান: (c);  $y = -3x + 1 \dots$  (i);  $3y = x + 6 \Rightarrow y = \frac{x}{3} + 2 \dots$  (ii)  $\therefore$  ঢালদ্বয়ের গুণফল =  $-3 \cdot \frac{1}{3} = -1 \therefore \theta = 90^\circ$
39. (2,-3) বিন্দুটি কোন চতুর্ভাগে অবস্থিত?  
 [BAU'05-06SBAU'12-13]  
 (a) প্রথম চতুর্ভাগে (b) দ্বিতীয় চতুর্ভাগে (c) তৃতীয় চতুর্ভাগে (d) চতুর্থ চতুর্ভাগে  
 সমাধান: (d); চতুর্থ চতুর্ভাগে থাকে (+, -)
40.  $4x + 3y - 5 = 0$  এবং  $2y - x + 3 = 0$  রেখা দুইটির অন্তর্ভুক্ত সূক্ষ্মকোণ  $\theta$  হলে  $\tan\theta$  এর মান কত?  
 [BAU'05-06, SBAU'09-10,12-13]  
 (a)  $-11/2$  (b)  $-1/2$  (c)  $1/2$  (d)  $11/2$   
 সমাধান: (a);  $4x + 3y - 5 = 0 \Rightarrow 3y = -4x + 5 \Rightarrow y = -\frac{4}{3}x + \frac{5}{3} \dots$  (i)  
 $2y - x + 3 = 0 \Rightarrow y = \frac{x}{2} - \frac{3}{2} \dots$  (ii)  $\therefore$  ঢাল,  $m_1 = -\frac{4}{3}; m_2 = \frac{1}{2} \therefore \tan\theta = \frac{m_1 - m_2}{1 + m_1 m_2} = \frac{-\frac{4}{3} - \frac{1}{2}}{1 - \frac{4}{6}} = -\frac{11}{2}$
41. যে সরলরেখার মূলবিন্দু দিয়ে অতিক্রম করে এবং x অক্ষের ধনাত্মক দিকের সাথে  $120^\circ$  কোণ উৎপন্ন করে তার সমীকরণ হলো-  
 [SAU'12-13]  
 (a)  $y + \sqrt{3}x = 0$  (b)  $y - \sqrt{3}x = 0$  (c)  $y + \frac{1}{\sqrt{3}}x = 0$  (d)  $\sqrt{3}y - x = 0$   
 সমাধান: (a); মূলবিন্দুগামী রেখা,  $y = mx$   
 $120^\circ$  কোণ উৎপন্ন করলে  $m = \tan 120^\circ = -\sqrt{3} \therefore$  রেখার সমীকরণ,  $y = -\sqrt{3}x \Rightarrow y + \sqrt{3}x = 0$
42.  $3x + 4y = 7$  সরলরেখাটির ঢাল কত?  
 [SBAU'06-07,CVASU'12-13,BAU'11-12]  
 (a)  $\frac{3}{4}$  (b)  $-\frac{4}{3}$  (c)  $-\frac{3}{4}$  (d)  $\frac{7}{3}$   
 সমাধান: (c);  $3x + 4y = 7 \Rightarrow 4y = -3x + 7 \Rightarrow y = -\frac{3}{4}x + \frac{7}{4} \therefore$  ঢাল =  $-\frac{3}{4}$
43.  $4x - 5y + 20 = 0$  রেখাটির x ও y অক্ষের ছেদক অংশ কোনটি?  
 [BAU'11-12]  
 (a) -5, 4 (b) 5, 4 (c) -4, 5 (d) -4, -5  
 সমাধান: (a);  $4x - 5y + 20 = 0 \Rightarrow 4x - 5y = -20 \Rightarrow \frac{x}{-5} + \frac{y}{4} = 1 \therefore$  x ও y এর ছেদাংশ = -5, 4

কৃষি প্রশ্নাবলী

44.  $x + y = 2$  সরলরেখাটি অক্ষদ্বয়কে যে বিন্দুতে সমদ্বিখন্ডিত করে তার স্থানাঙ্ক কোনটি?  
 (a) (1, 1) (b) (1, -1) (c) (2, 2) (d) (1, 2)  
 সমাধান: (a);  $x + y = 2 \Rightarrow \frac{x}{2} + \frac{y}{2} = 1$  সরলরেখার অক্ষদ্বয়ের ছেদবিন্দুর স্থানাঙ্ক (2, 0) ও (0, 2)  $\therefore$  মধ্যবিন্দুর স্থানাঙ্ক (1, 1)  
 [BAU'08-09, 11-12]
45. যে সরলরেখা অক্ষদ্বয়কে (2, 2) বিন্দুতে সমদ্বিখন্ডিত করে তার সমীকরণ কোনটি?  
 (a)  $x - y = 2$  (b)  $x - y = 4$  (c)  $x + y = 4$  (d)  $x + y = 2$   
 সমাধান: (c); এখানে (2, 2) বিন্দু দ্বারা  $x + y = 4$  সরলরেখার সমীকরণটি সিদ্ধ হয়।  
 সুতরাং  $x + y = 4$  সরলরেখাটি অক্ষদ্বয়কে (2, 2) বিন্দুতে সমদ্বিখন্ডিত করে।  
 [BAU'06-07, SBAU'08-09, 11-12]
46. যে বিন্দুর পোলার স্থানাঙ্ক (2, 330°), তার কার্তেসীয় স্থানাঙ্ক কোনটি?  
 (a)  $(-\sqrt{3}, -1)$  (b)  $(-\sqrt{3}, 1)$  (c)  $(\sqrt{3}, -1)$  (d) কোনটিই নয়  
 সমাধান: (c); বিন্দুটির পোলার স্থানাঙ্ক (2, 330°)। যদি কার্তেসীয় স্থানাঙ্ক (x, y) হয়।  
 তবে,  $x = 2\cos 330^\circ = \sqrt{3}$  এবং  $y = 2\sin 330^\circ = -1 \therefore$  কার্তেসীয় স্থানাঙ্ক  $(\sqrt{3}, -1)$   
 [Ans: b] [CVASU'11-12]
47.  $x = y - 10$  সরলরেখাটি x-অক্ষের ধনাত্মক দিকের সাথে যে কোণ উৎপন্ন করে তা হলো-  
 (a) 0° (b) 45° (c) 90° (d) 60°  
 সমাধান: (b) 45°  
 [Ans: a] [CVASU'11-12]
48. ABCD রম্বসের AC কর্ণের মধ্য বিন্দুর স্থানাঙ্ক (1, 2) হলে BD কর্ণের মধ্য বিন্দুর স্থানাঙ্ক কত?  
 (a) (1, 2) (b) (-1, -2) (c) (0, 0) (d) (1, -2)  
 সমাধান: (c); r = a পোলার সমীকরণটিকে কার্তেসীয় সমীকরণে রূপান্তরিত করলে কোনটি হবে?  
 [Ans: c] [SBAU'10-11]
49.  $r = a$  পোলার সমীকরণটিকে কার্তেসীয় সমীকরণে রূপান্তরিত করলে কোনটি হবে?  
 (a)  $x^2 + y^2 = ax$  (b)  $x^2 + y^2 + ax = 0$  (c)  $x^2 + y^2 = a^2$  (d)  $x^2 + y^2 + a^2 = 0$   
 সমাধান: (c);  $r = a \Rightarrow \sqrt{x^2 + y^2} = a \therefore x^2 + y^2 = a^2$
50.  $3x + 4y - 12 = 0$  রেখাটি অক্ষদ্বয়ের সাথে যে ত্রিভুজ উৎপন্ন করে তার ক্ষেত্রফল কত? [SBAU'08-09, BAU'08-09, CVASU'10-11]  
 (a) 12 বর্গ একক (b) 24 বর্গ একক (c) 8 বর্গ একক (d) 6 বর্গ একক  
 সমাধান: (d); প্রদত্ত রেখার সমীকরণ  $3x + 4y - 12 = 0 \Rightarrow 3x + 4y = 12 \Rightarrow \frac{3x}{12} + \frac{4y}{12} = 1 \therefore \frac{x}{4} + \frac{y}{3} = 1$   
 $\therefore$  রেখাটি অক্ষদ্বয়ের সাথে যে ত্রিভুজ উৎপন্ন করে তার ক্ষেত্রফল  $= \frac{1}{2} \times 4 \times 3$  বর্গ একক = 6 বর্গ একক।
51. যে বিন্দুর পোলার স্থানাঙ্ক  $(-1, \frac{\pi}{4})$  তার কার্তেসীয় স্থানাঙ্ক কত? [BAU'09-10]  
 (a)  $(-\frac{1}{\sqrt{2}}, -\frac{1}{\sqrt{2}})$  (b)  $(\frac{1}{\sqrt{2}}, \frac{1}{\sqrt{2}})$  (c)  $(\frac{1}{\sqrt{2}}, -\frac{1}{\sqrt{2}})$  (d) কোনটিই নয়  
 সমাধান: (a);  $(r \cos \theta, r \sin \theta) = (-1 \cos 45^\circ, -1 \sin 45^\circ) = (-\frac{1}{\sqrt{2}}, -\frac{1}{\sqrt{2}})$
52.  $x^2 + y^2 = a^2$  কে পোলার স্থানাঙ্কে রূপান্তরিত করলে কোনটি হবে? [Ans: b] [BAU'09-10]  
 (a)  $r = a^2$  (b)  $r = a$  (c)  $r = a \sin \alpha$  (d)  $r = a \cos \theta$
53.  $x - 2y - 3 = 0$  এবং  $2x + y - 15 = 0$  সরলরেখা দুটি পরস্পর-  
 (a) সমান্তরাল (b) লম্ব (c) একই সরলরেখা (d) কোনটিই না  
 সমাধান: (b);  $x - 2y - 3 = 0$  রেখার ঢাল,  $m_1 = \frac{1}{2}$ ;  $2x + y - 15 = 0$  রেখার ঢাল,  $m_2 = -2$   
 $\therefore m_1 m_2 = -2 \times (\frac{1}{2}) = -1 \therefore$  সরলরেখাদ্বয় পরস্পর লম্ব।
54.  $x = 0, y = 0$  এবং  $x + y = 1$  রেখা তিনটি দ্বারা উৎপন্ন ত্রিভুজটি হবে- [BAU'05-06, SBAU'09-10]  
 (a) বিষমবাহু (b) স্কালকোণী (c) সমকোণী সমদ্বিবাহু (d) কোনটিই নয়  
 সমাধান: (c); রেখা ত্রয়,  $x = 0$   
 $y = 0$   
 $x + y = 1$   
 $\Rightarrow \frac{x}{1} + \frac{y}{1} = 1$   
 $\therefore$  রেখা ত্রয় দ্বারা উৎপন্ন ত্রিভুজ সমকোণী সমদ্বিবাহু।  

55. একটি সমরূপ সমদ্বিবাহু ত্রিভুজাকৃতি পাতের সমান বাহুদ্বয়ের দৈর্ঘ্য 5 ফুট এবং ভূমির দৈর্ঘ্য 4 ফুট হলে ভূমি হতে ভর কেন্দ্রের দূরত্ব-  
 (a) 1 ফুট (b) 2 ফুট (c) 1.52 ফুট (d) 5 ফুট  
 সমাধান: (c);  $\sqrt{5^2 - (\frac{4}{2})^2} = \sqrt{21} \therefore$  ভরকেন্দ্রের দূরত্ব  $= \frac{\sqrt{21}}{3} = 1.52$  ফুট  
 [BAU'08-09]



56.  $5x - 2y - 6 = 0$  সরলরেখার সমান্তরাল এবং  $(2, 4)$  বিন্দু দিয়ে গমনকারী সরলরেখার সমীকরণ-  
 (a)  $5x - 2y = 2$  (b)  $5x - 2y = 3$  (c)  $2y - 5x = 2$  (d)  $2y - 5y = 3$   
 সমাধান: (a);  $5x - 2y - 6 = 0$  সরলরেখার সমান্তরাল যে কোন রেখার সমীকরণ  $5x - 2y + K = 0$  যা  $(2, 4)$  বিন্দুগামী।  
 অর্থাৎ  $5 \cdot 2 - 2 \cdot 4 + K = 0 \Rightarrow 10 - 8 + K = 0$


57.  $(x_1, y_1), (x_2, y_2)$  এবং  $(0, 0)$  বিন্দু তিনটি দ্বারা গঠিত ত্রিভুজের ক্ষেত্রফল কত?  
 (a)  $\frac{1}{2}(x_1y_2 - x_2y_1)$  (b)  $\frac{1}{2}(x_1y_1 - x_2y_2)$  (c)  $\frac{1}{2}(x_1y_1 + x_2y_2)$  (d)  $\frac{1}{2}(x_1y_1 + x_2y_1)$   
 সমাধান: (a);  $(x_1, y_1), (x_2, y_2)$  এবং  $(0, 0)$  বিন্দুদ্বয় দ্বারা গঠিত ত্রিভুজের ক্ষেত্রফল =  $\frac{1}{2} \begin{vmatrix} x_1 & y_1 & 1 \\ x_2 & y_2 & 1 \\ 0 & 0 & 1 \end{vmatrix} = \frac{1}{2}(x_1y_2 - y_1x_2)$

**অধ্যায়-০৪ : বৃত্ত**

01.  $(1, -1)$  বিন্দু থেকে  $2x^2 + 2y^2 - x + 3y + 1 = 0$  হলে স্পর্শকের দৈর্ঘ্য কত?  
 (a)  $\frac{1}{\sqrt{3}}$  (b)  $\sqrt{2}$  (c)  $\frac{1}{\sqrt{2}}$  (d)  $\sqrt{\frac{23}{2}}$   
 সমাধান: (c);  $x^2 + y^2 - \frac{x}{2} + \frac{3y}{2} + \frac{1}{2} = 0$   $\therefore$  স্পর্শকের দৈর্ঘ্য =  $\sqrt{\frac{1}{2}} = \frac{1}{\sqrt{2}}$

02.  $x^2 + y^2 = 9$  বৃত্তের কোন জ্যা-এর মধ্যবিন্দু  $(1, 2)$  হলে জ্যাটির ঢাল কত?  
 (a) 2 (b)  $\frac{1}{2}$  (c)  $-\frac{1}{2}$  (d) -2  
 সমাধান: (c);  $(1, 2)$  বিন্দুতে জ্যাটির ওপর লম্বের ঢাল =  $\frac{2-0}{1-0} = 2$   $\therefore$  জ্যাটির ঢাল =  $-\frac{1}{2}$

03.  $3x + by - 1 = 0$  রেখাটি  $x^2 + y^2 - 8x - 2y + 4 = 0$  বৃত্তকে স্পর্শ করলে b এর মান কত? [CVASU'18-19]  
 (a) 3 or  $\frac{1}{2}$  (b) 2 or  $-\frac{1}{6}$  (c) -2 or  $-\frac{1}{5}$  (d) 3 or 2  
 সমাধান: (b);  $x^2 + y^2 - 8x - 2y + 4 = 0$ ;  $C \equiv (4, 1)$ ;  $r = \sqrt{4^2 + 1^2 - 4} = \sqrt{13}$



$\frac{|3 \cdot 4 + b - 1|}{\sqrt{9 + b^2}} = \sqrt{13} \Rightarrow \frac{(11+b)^2}{9+b^2} = 13 \Rightarrow 121 + b^2 + 22b = 117 + 13b^2$   
 $\Rightarrow 12b^2 - 22b - 4 = 0$ ;  $b = 2, -\frac{1}{6}$

04.  $(3, 4)$  বিন্দুগামী এবং  $x^2 + y^2 - 8x + 6y + 21 = 0$  বৃত্তের ব্যাসের সমীকরণ কোনটি? [SAU'14-15, CVASU'18-19]  
 (a)  $7x + y = 31$  (b)  $x + 7y = 31$  (c)  $7x + y = 25$  (d)  $7x - y = 17$   
 সমাধান: (c);  $C \equiv (4, -3)$ ;  $\frac{x-4}{4-3} = \frac{y+3}{-3-4} \Rightarrow x - 4 = \frac{-y-3}{7} \Rightarrow 7x - 28 = -y - 3 \Rightarrow 7x + y - 25 = 0$   
 05. C এর মান কত হলে,  $y = 3x + c$  সরলরেখাটি  $x^2 + y^2 = 10$  বৃত্তকে স্পর্শ করবে? [BAU'17-18]  
 (a) 9 (b) 10 (c) 18 (d) 20  
 সমাধান: (b); বৃত্তের কেন্দ্র হতে স্পর্শকের লম্ব দূরত্ব = বৃত্তের ব্যাসার্ধ  $\frac{|3 \cdot 0 - 0 + c|}{\sqrt{3^2 + 1^2}} = \sqrt{10} \Rightarrow C = \pm 10$

06.  $x^2 + y^2 - 2x + 6y + 2 = 0$  বৃত্তের উপর  $(3, -1)$  বিন্দুতে স্পর্শকের সমীকরণ- [SAU'17-18]  
 (a)  $x + y - 2 = 0$  (b)  $x - y + 2 = 0$  (c)  $x + y + 2 = 0$  (d)  $x - y - 2 = 0$   
 সমাধান: (a);  $x(3) + y(-1) - 2 \cdot \frac{x+3}{2} + 6 \cdot \frac{y-1}{2} + 2 = 0 \Rightarrow 3x - y - x - 3 + 3y - 3 + 2 = 0$   
 $\Rightarrow 2x + 2y - 4 = 0 \therefore x + y - 2 = 0$

07.  $k$  এর মান কত হলে,  $(x - y)^2 + k(x - 1)(y - 1) = 0$  সমীকরণটি একটি বৃত্ত প্রকাশ করবে? [BAU'17-18]  
 (a)  $k = 0$  (b)  $k = 1$  (c)  $k = 2$  (d)  $k = 3$   
 সমাধান: (c);  $x^2 - 2xy + y^2 + k(xy - x - y + 1) = 0$ ; প্রশ্নমতে,  $xy$  এর সহগ  $0$ ।  $\therefore k - 2 = 0 \therefore k = 2$  [Ans: c][BAU'16-17]
08. সমকোণী ত্রিভুজের পরিকেন্দ্রের অবস্থান কোথায়? [BAU'16-17]  
 (a) লম্বের উপর (b) ভূমির উপর (c) অতিভুজের উপর (d) কোনটিই নয়
09.  $(0,5)$  বিন্দুটি  $x^2 + y^2 = 20$  বৃত্তের কোথায় অবস্থিত? [BAU'16-17]  
 (a) ভিতরে (b) উপরে (c) বাইরে (d) কেন্দ্রে অবস্থিত
10.  $x^2 + y^2 - 2x - 4y + c = 0$  বৃত্তটি  $y$  অক্ষকে স্পর্শ করলে  $c$  এর মান কত? [Ans: b][SAU'16-17]  
 (a) 2 (b) 4 (c) 6 (d) -8
11.  $x^2 + y^2 = 81$  বৃত্তটির জ্যা  $(-2, 3)$  বিন্দুতে সমদ্বিখন্ডিত হয়। জ্যা এর সমীকরণ কোনটি? [Ans: c][JGVC'16-17]  
 (a)  $2y = 3x + 13$  (b)  $3x = 2y + 13$  (c)  $3y = 2x + 13$  (d)  $3y = 2x - 13$
12.  $m$  এর মান কত হলে  $4x + my + 7 = 0$  সরলরেখাটি  $x^2 + y^2 - 6x + 4y - 2 = 0$  বৃত্তটিকে স্পর্শ করবে? [Ans: a][JGVC'16-17]  
 (a) -3 (b) -4 (c) 34 (d) 43
13. 10cm ব্যাসার্ধ বিশিষ্ট একটি গোলক থেকে কয়টি 1cm ব্যাসার্ধ বিশিষ্ট গোলক তৈরি করা সম্ভব? [BAU'14-15]  
 (a) 10 (b) 100 (c) 1000 (d) 10000  
 সমাধান: (c);  $\frac{4}{3}\pi 10^3 = n \cdot \frac{4}{3}\pi 1^3 \Rightarrow n = 10^3 = 1000$
14.  $r = a$  পোলার সমীকরণটিকে কার্তেসিয় সমীকরণে রূপান্তরিত করলে কোনটি হবে? [SBAU'14-15]  
 (a)  $y^2 = 4ax$  (b)  $x^2 - y^2 = a^2$  (c)  $y^2 + 4ax = 0$  (d)  $x^2 + y^2 = a^2$   
 সমাধান: (d); ধরি,  $x = r\cos\theta, y = r\sin\theta \therefore x^2 + y^2 = r^2 \therefore x^2 + y^2 = a^2$
15.  $(3, -4)$  বিন্দুটি  $3(x^2 + y^2) = 25x$  বৃত্তের কোথায় অবস্থিত? [Ans: d][SAU'10-11, BSMRAU'14-15]  
 (a) কেন্দ্রে (b) ভিতরে (c) বাইরে (d) উপরে
16.  $x^2 + y^2 = 1$  বৃত্তটির  $(\frac{1}{\sqrt{2}}, \frac{1}{\sqrt{2}})$  বিন্দুতে স্পর্শকের ঢাল হবে- [CVASU'14-15]  
 (a) -1 (b) 1 (c) 0 (d)  $\frac{1}{\sqrt{2}}$   
 সমাধান: (a);  $x^2 + y^2 = 1$  বৃত্তটির  $(\frac{1}{\sqrt{2}}, \frac{1}{\sqrt{2}})$  বিন্দুতে স্পর্শক,  $x \cdot \frac{1}{\sqrt{2}} + y \cdot \frac{1}{\sqrt{2}} = 1 \Rightarrow x + y = \sqrt{2} \Rightarrow y = -x + \sqrt{2}$   
 $\Rightarrow y = (-1)x + \sqrt{2}$ ; ঢাল = -1; Shortcut:  $2x + 2y \frac{dy}{dx} = 0 \Rightarrow \frac{dy}{dx} = -\frac{x}{y} = \frac{\frac{1}{\sqrt{2}}}{\frac{1}{\sqrt{2}}} = -1$
17.  $4x^2 + 4y^2 = 1$  দ্বারা আবদ্ধ ক্ষেত্রের কেন্দ্র হতে পরিধির উপর দূরত্ব কত একক? [CVASU'14-15]  
 (a)  $\frac{1}{4}$  (b) 2 (c) 4 (d)  $\frac{1}{2}$   
 সমাধান: (d);  $4x^2 + 4y^2 = 1 \Rightarrow x^2 + y^2 = \frac{1}{4} = (\frac{1}{2})^2$ ; কেন্দ্র হতে পরিধির দূরত্ব = ব্যাসার্ধ =  $\frac{1}{2}$
18.  $y = mx + c$  সরল রেখাটি  $x^2 + y^2 = a^2$  বৃত্তটিকে স্পর্শ করার শর্ত কোনটি? [Ans: a][BAU'08-09, SBAU'13-14]  
 (a)  $c = \pm a\sqrt{1 + m^2}$  (b)  $c = \pm\sqrt{1 + m^2}$  (c)  $c = \pm a/\sqrt{1 + m^2}$  (d)  $c = \pm\sqrt{1 + m^2}$
19.  $x^2 + y^2 + 3x + 6y + c = 0$  বৃত্তটি  $y$  অক্ষকে স্পর্শ করলে  $c$  এর মান কত? [BAU'05-06, 07-08, SAU'10-11, 13-14, JGVC'13-14]  
 (a) 9 (b) 36 (c) -9 (d) -36  
 সমাধান: (a); বৃত্তের কেন্দ্র  $(-\frac{3}{2}, -3)$ ;  $y$  অক্ষকে স্পর্শ করলে,  $c = f^2 \Rightarrow c = (-3)^2 = 9$
20.  $x^2 + y^2 = 9$  এবং  $x^2 + y^2 + 2ax + 2y + 1 = 0$  বৃত্ত দুইটি পরস্পর স্পর্শ করলে  $a$  এর মান কত? [SBAU'13-14]  
 (a)  $-\frac{4}{3}$  (b) 0 (c) 1 (d) 2  
 সমাধান: (a);  $C_1(0,0)$ ;  $C_2(-a,-1)$ ;  $r_1 = 3$ ;  $r_2 = \sqrt{a^2 + 1}$   
 $\therefore C_1C_2 = r_1 + r_2 \Rightarrow \sqrt{a^2 + 1} = 3 + a \Rightarrow a^2 + 1 = (3 + a)^2 \Rightarrow a = -4/3$

21.  $ax^2 + by^2 + 2hxy + 2gx + 2fy + c = 0$  একটি বৃত্তের সমীকরণ হবে যদি- [Ans: c][SBAU'13-14]  
 (a)  $a = b$  এবং  $c = 0$  (b)  $f = g$  এবং  $h = 0$  (c)  $a = b$  এবং  $h = 0$  (d)  $f = g$  এবং  $c = 0$
22.  $x^2 + y^2 - 2gx - 2fy + c = 0$  বৃত্তের ব্যাসার্ধ কত? [Ans: a][BAU'12-13]  
 (a)  $\sqrt{g^2 + f^2 - c}$  (b)  $\sqrt{g^2 + f^2 + c}$  (c)  $\sqrt{g^2 + f^2}$  (d)  $\sqrt{-g^2 - f^2}$
23. কোন বৃত্তের কেন্দ্র (3,5) এবং এর একটি ব্যাসের এক প্রান্তের স্থানাঙ্ক (7,3) হলে অপর প্রান্তের স্থানাঙ্ক কত? [SBAU'12-13]  
 (a) (3,2) (b) (4,1) (c) (2, -5) (d) (-1,7)  
 সমাধান: (d); অপর প্রান্তের স্থানাঙ্ক (x,y) হলে,  $\therefore \frac{7+x}{2} = 3 \Rightarrow x = -1; \frac{3+y}{2} = 5 \Rightarrow y = 7 \therefore (x,y) = (-1,7)$
24.  $x^2 + y^2 = 9$  বৃত্তের কোন জ্যা - এর মধ্য বিন্দু (1, 2) হলে জ্যাটির ঢাল কত? [SAU'12-13]  
 (a) 2 (b)  $1/2$  (c)  $-1/2$  (d) -2  
 সমাধান: (c);  $x^2 + y^2 = 9$  বৃত্তের কেন্দ্র (0, 0) ও (1, 2) বিন্দুগামী রেখার ঢাল 2।  
 $2x - y = 0$  রেখার লম্ব সমীকরণ  $x + 2y + c = 0$  এর লম্ব সমীকরণের ঢাল  $-\frac{1}{2}$   
 রেখাটি (1, 2) বিন্দুগামী বলে,  $c = -4 \therefore$  রেখাটি,  $x + 2y - 4 = 0 \Rightarrow y = -1/2x + 4 \therefore$  ঢাল =  $-1/2$
25.  $x^2 + y^2 - 2y = 0$  দ্বারা সূচিত বৃত্তের কেন্দ্রের অবস্থান কোথায়? [CVASU'12-13]  
 (a) x-অক্ষের উপর (b) y-অক্ষের উপর (c) কেন্দ্রে (d) কোনটিই নয়  
 সমাধান: (b);  $x^2 + y^2 - 2y = 0$  বৃত্তের কেন্দ্র (0,1)  $\therefore$  কেন্দ্রের অবস্থান y অক্ষে।
26.  $x^2 + y^2 - 4x - 6y + c = 0$  বৃত্তটি x-অক্ষকে স্পর্শ করে। c এর মান কত? [CVASU'12-13]  
 (a) 9 (b) 4 (c) 5 (d) -4  
 সমাধান: (b);  $x^2 + y^2 - 4x + 6y + c = 0$  বৃত্তটি অক্ষকে স্পর্শ করলে,  $g^2 = c \Rightarrow (2)^2 = c \Rightarrow c = 4$
27.  $x^2 + y^2 = 1$  রেখা দ্বারা আবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল কত বর্গএকক? [Ans: d] [SAU'11-12]  
 (a)  $4\pi$  (b)  $2\pi$  (c)  $6\pi$  (d)  $\pi$
28.  $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$  বৃত্তটি x অক্ষকে স্পর্শ করলে কোনটি সত্য হবে? [Ans: b] [SAU'11-12]  
 (a)  $f^2 = c$  (b)  $g^2 = c$  (c)  $f = c$  (d)  $g = c$
29.  $x^2 + y^2 - 4x + 6y - 12 = 0$  দ্বারা সূচিত বৃত্তের ব্যাসার্ধের মান কোনটি? [Ans: b] [CVASU'11-12]  
 (a) 10 একক (b) 5 একক (c)  $\sqrt{5}$  একক (d)  $\sqrt{10}$  একক  
 সমাধান: (b); ব্যাসার্ধ =  $\sqrt{\left(\frac{4}{2}\right)^2 + \left(\frac{6}{2}\right)^2 - (-12)} = 5$
30. পোলার স্থানাঙ্কে  $r = a$  সমীকরণটি নিম্নের কোনটিকে বুঝায়? [Ans: b][CVASU'11-12]  
 (a) সরল রেখা (b) বৃত্ত (c) উপবৃত্ত (d) পরাবৃত্ত
31.  $x^2 + y^2 = 25$  বৃত্তের সম্পর্কে (1,1) বিন্দুটির অবস্থান কোথায়? [Ans: d][CVASU'10-11]  
 (a) বৃত্তের বাহিরে (b) বৃত্তের উপরে (c) বৃত্তের কেন্দ্রে (d) বৃত্তের ভিতরে
32.  $x^2 + y^2 + 6y + 9 = 0$  বৃত্ত সাপেক্ষে মূলবিন্দুর অবস্থান কোথায়? [BAU'09-10]  
 (a) বৃত্তের বাইরে (b) বৃত্তের ভিতরে (c) বৃত্তের উপরে (d) কোনটিই নয়  
 সমাধান: (a); ধরি,  $C = x^2 + y^2 + 6y + 9; x = 0$  ও  $y = 0$  হলে  $C = 9$ । এখানে  $C > 0$   
 তাই (0, 0) বৃত্তের বাইরে অবস্থিত।  $C < 0$  হলে বিন্দুটি বৃত্তের ভেতরে এবং  $C = 0$  হলে বিন্দুটি বৃত্তের ওপর অবস্থিত হবে।
33. বৃত্তের কেন্দ্রের স্থানাঙ্ক (-4,-3) এবং তা y অক্ষকে স্পর্শ করে। বৃত্তটির ব্যাসার্ধ কত একক? [SBAU'09-10]  
 (a) 3 (b) 4 (c) 5 (d) 6  
 সমাধান: (b); B = কেন্দ্র (-4, -3), বৃত্তটি Y অক্ষকে স্পর্শ করে।  $\therefore$  বৃত্তের ব্যাসার্ধ = |কেন্দ্রের x স্থানাঙ্ক| = |-4| = 4
34. একটি বৃত্তের কেন্দ্রের স্থানাঙ্ক (4, 3) এবং ইহা x অক্ষকে স্পর্শ করে। বৃত্তটির ব্যাসার্ধ কত? [BAU'08-09]  
 (a) 4 (b) 5 (c) 6 (d) 3  
 সমাধান: (d); x অক্ষকে স্পর্শ করলে ব্যাসার্ধ হয় কেন্দ্রের y স্থানাঙ্কের সমান।  $\therefore$  ব্যাসার্ধ = 3

**অধ্যায়-০৫ : বিন্যাস ও সমাবেশ**


01. দুটি সমান্তরাল রেখার প্রত্যেকটির উপর 5 টি করে বিন্দু আছে। এই বিন্দুগুলো সংযোগ করে মোট কতগুলো ত্রিভুজ গঠন করা যাবে? [BAU'18-19]  
 (a) 50 (b) 100 (c) 150 (d) 200
- সমাধান: (b);  ${}^5C_1 \times {}^5C_1 \times 2 = 100$  [BAU'18-19]
02. প্রতিবার প্রথমে ও শেষে C রেখে CALCULUS শব্দটির অক্ষরগুলোকে কতভাবে সাজানো যায়? [BAU'18-19]  
 (a) 90 (b) 180 (c) 280 (d) 360
- সমাধান: (b);  $\frac{6!}{2!2!} = 180$
03. 12 টি বাহু বিশিষ্ট একটি সমতল ক্ষেত্রের কয়টি কর্ণ আছে? [SBAU'14-15, CVASU'16-17, BAU, 15-16, 16-17, SAU'12-13, 18-19]  
 (a) 50 (b) 54 (c) 60 (d) 66
- সমাধান: (b);  ${}^{12}C_2 - 12 = 54$  [SAU'18-19]
04. একটি গোলাকার টেবিলের চারপাশে 8 জন লোক কতভাবে বসতে পারে? [SAU'18-19]  
 (a) 5040 (b) 360 (c) 740 (d) 40320
- সমাধান: (a);  $(8 - 1)! = 5040$
05. 'MATHEMATICS' শব্দটির বর্ণগুলোকে মোট কত প্রকারে সাজানো যায়, যেখানে স্বরবর্ণগুলো একত্রে থাকবে? [CVASU'18-19]  
 (a) 120960 (b) 129060 (c) 15000 (d) 120060
- সমাধান: (a); 'MATHEMATICS' 

|              |    |     |          |    |
|--------------|----|-----|----------|----|
| MM           | TT | HCS | AA       | EI |
